


নং-পসব্য/প্রকা/প্রশা-১২১/২০২১-২২/ ১১৭৩

তারিখঃ ০১/১২/২০২১খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

বিজয়ের মাস ডিসেম্বরের প্রথম দিনে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক খন্দকার আতাউর রহমান। শ্রদ্ধা নিবেদন শেষে তিনি বঙ্গবন্ধুর কবর জিয়ারত করেন এবং বঙ্গবন্ধু ও পনেরোই আগস্ট নিহত বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করেন। এসময় তাঁর সাথে তাঁর সহধর্মিণী, ব্যাংকের প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, ব্যাংকের গোপালগঞ্জ জেলার শাখা সমূহের কর্মকর্তাবৃন্দ, জনতা ব্যাংকের ফরিদপুর বিভাগের মহাব্যবস্থাপক এ কে এম মনিরুল ইসলাম, সহকারী মহাব্যবস্থাপক মেহেদী হাসান, রূপালী ব্যাংকের গোপালগঞ্জ জোনাল অফিসের উপমহাব্যবস্থাপক আব্দুল মান্নান সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

  
০১/১২/২০২১

(দীপংকর রায়)

মহাব্যবস্থাপক

[headoffice@pallisanchaybank.gov.bd](mailto:headoffice@pallisanchaybank.gov.bd)



